



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক
উত্তরা শাখা, ঢাকা।

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অর্থঋণ আদালত আইন ২০০৩ (২০০৩ সনের ৮ নং আইন)-এর ৩৩(৫) ধারা অনুযায়ী (১) মোঃ হাফিজুর রহমান (পানু), পিতা: মৃত: রাহিজ উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক, বন্ধকদাতা ও জিম্মাদার, (২) মিসেস মিলিমা রহমান, স্বামী মোঃ হাফিজুর রহমান (পানু) চেয়ারম্যান, বন্ধকদাতা জিম্মাদার, (৩) মোঃ জাকির হোসেন, পিতা: মোঃ লুৎফর রহমান বন্ধকদাতা, হিসাব মেসার্স ক্ল্যাসিক এ্যাক্সেসরিস কোঃ লিঃ, হাউস নং-০২, রোড-১৩/বি, সেক্টর-১০, উত্তরা, ঢাকা-১২৩০; কারখানা-৮৮৬, কাঠগড়া, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা এদের বিরুদ্ধে ডিক্রীদার ব্যাংক অর্থঋণ মামলা নং ২৭০/২০২৩, তারিখ ০২.০৪.২০২৩, অর্থজারী মামলা ৫৬৬/২০২৩, দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা ও ডিক্রীকৃত টাকা ৩,০১,০০,১০২.৯০ (তিন কোটি এক লক্ষ একশত দুই টাকা নব্বই পয়সা মাত্র) এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল হার সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি দখলভোগের/ বিক্রয়ের অধিকার লাভ করেন এবং বিগত ০৮.০৮.২০২৪ ইং তারিখে অর্থঋণ আদালত নং-১, ঢাকা ডিক্রীদার-ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার-ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ১৮-০৬-২০২৫ ইং তারিখ বেলা ২.০০ (দুই) ঘটিকার মধ্যে ব্যাংকের উত্তরা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

শর্তাবলী

- প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), এনআইডি, টিআইএন, টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমূল্য লিখিতে হইবে) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, উত্তরা শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাবুল খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।
- দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাপট বা পে অর্ডার এর মাধ্যমে জমা করন সাপেক্ষে মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল। সময়সীমার মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

আর্নেস্ট মানি/জামানতের পরিমান	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে।
খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে।
গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে।

- দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- উপরে বর্ণিত ৩ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
- নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- তফসিল ক এবং খ এর সম্পত্তির ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে দরপত্র দাখিল করিতে পারবেন না।
- কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষন করেন বটে।

তফসিল-ক

জেলা: ঢাকা, পুলিশ স্টেশন ও সাব-রেজিষ্ট্রি অফিস আশুলিয়া, মৌজা-ধনাঞ্জয়পুর, জেএল: সিএস-৫৬২, এসএ-৭৭, আরএস-৭৬, খতিয়ান সিএস-৩২, এসএ-৭৯ ও ৮০, আরএস-১৪৭, তদ অনুযায়ী দাগ নং সিএস এবং এসএ-১১, আরএস-৪০৫ এবং ৪০৬ মিউটেশন খতিয়ান নং-১৪৭ কাত, জমির পরিমান ৩৭.৭৫ শতাংশ।

তফসিল-খ

জেলা: ঢাকা, পুলিশ স্টেশন ও সাব-রেজিষ্ট্রি অফিস আশুলিয়া, অবস্থান: মৌজা-ধনাঞ্জয়পুর, জেএল: সিএস-৫৬২, এসএ-৭৭, আরএস-৭৬, খতিয়ান সিএস-৩২, এসএ-৭৯ ও ৮০, আরএস-১৪৭, তদ অনুযায়ী দাগ নং সিএস এবং এসএ-১১, আরএস-৪০৩, ৪০৪ এবং ৪০৫, জমির পরিমান ৯.২৫ শতাংশ।

সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান

উত্তরা শাখা

প্লট নং-৬৭/এ, (২য় তলা), রবীন্দ্র স্মরণী, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০।

যুগান্তর- ০৯-০৫-২০২৫

কালবেলা- ০৯-০৫-২০২৫